# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 13-09-2026** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসাবে সরকারি ও সরকার পোষিত স্কুলগুলিতে একাধিক কর্মসূচী নিয়েছে রাজ্য সরকার।

২) রাজ্যের অনুমোদনহীন মাদ্রাসাগুলি বন্ধ করতে চলেছে সরকার। ২৫২ টি মাদ্রাসাকে বন্ধের নোটিশ। শোকজ আরও একশোটিকে।

৩) মাছ-মাংস নিয়ে অহেতুক বিতর্কের পরিবর্তে কর্ম সংস্থান ও বিনিয়োগ নিয়ে ভাবনা চিন্তা করা উচিত বলে রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

৪) বীরভূমের তারাপীঠ মন্দিরে শুরু হচ্ছে সংস্কারের কাজ।

৫) রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা মেট্রোর ব্লু লাইনে শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তমকুমার স্টেশনের মধ্যে সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত মেট্রো পরিষেবা বন্ধ থাকবে।

---------------------------------------------------------------------------

সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে রাজ্য সরকারি ও সরকার পোষিত স্কুলগুলিতেও একাধিক কর্মসূচি নেওয়া হয়েছে। স্কুল শিক্ষা সচিব বিনোদ কুমার, জেলা স্কুল পরিদর্শকদের পাঠানো নির্দেশিকায় জানিয়েছেন, ১৭-ই সেপ্টেম্বর থেকে ৭-ই অক্টোবর পর্যন্ত "২৫ কোটি শিশুর স্বপ্নের ভারত" কর্মসূচিতে, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প

সম্পর্কে স্কুলের ছাত্রছাত্রীদের অবহিত করা হবে। স্কুলগুলিতে পড়ুয়াদের নিয়ে আয়োজন করা হবে বক্তৃতা, অঙ্কন প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় বিজয়ীদের মুখ্যমন্ত্রীর স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হবে।

১৭-ই সেপ্টেম্বর থেকে "নমো সেবা গাথা" কর্মসূচী উপলক্ষে স্কুলের পড়ুয়াদের সংশ্লিষ্ট এলাকায় সমাজসেবামূলক কাজে শামিল করা হবে। আধ ঘন্টার নাটক ও সংগীতের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে ছাত্রছাত্রীরা। তাদের মধ্যে থেকে বাছাই করা ছাত্রছাত্রীদের রাজ্য স্তরের অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

--------------------

রাজ্যের অনুমোদনহীন মাদ্রাসা গুলি বন্ধ করতে চলেছে সরকার। এর অঙ্গ হিসাবে প্রথম দফায় রাজ্য জুড়ে ২৫২ টি মাদ্রাসা বন্ধের নোটিশ দিয়েছে সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর। এই তালিকায় বেশির ভাগই খারিজি মাদ্রাসা। এমন আরও ১০০টি মাদ্রাসা কে শোকজ করেছে দপ্তর। জুলাই মাসে সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের পক্ষ থেকে রাজ্যজুড়ে মাদ্রাসার গুলির পরিকাঠামো, শিক্ষার্থী ও তহবিলের উৎস সম্পর্কে বিস্তৃত সমীক্ষা চালানো হয়েছিল। এই ১০০ টি মাদ্রাসার তথ্যে অসংগতি ধরা পড়েছে বলে মন্ত্রী ক্ষুদিরাম টুডু জানিয়েছেন। শোকজের সঠিক উত্তর দিতে না পারলে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। জেলা শাসকদের সমীক্ষায় দেখা গিয়েছে প্রায় ২ হাজার ৩৯৬ মাদ্রাসার সরকারি অনুমোদন নেই।

--------------------

জলপাইগুড়ি জেলা স্কুলে প্রধান শিক্ষককে নিগ্রহের অভিযোগে দশম শ্রেণীর চার ছাত্রকে টিসি দেওয়া হয়েছে। সেই সঙ্গে স্কুলের রেজিস্টার থেকেও বাদ দেওয়া হয়েছে তাদের নাম। গত শুক্রবার ঐ চারজনকে হেফাজতে নেয় পুলিশ। আগামীকাল তাদের জুভেনাইল জাস্টিস বোর্ডে তোলা হবে।

উল্লেখ্য, শিক্ষক দিবসের দিন মিড ডে মিল নিয়ে জলপাইগুড়ি জেলা স্কুলে গোলমাল বাধে। প্রধান শিক্ষককে শারীরিকভাবে নিগ্রহ করা হয় বলে ভিডিও ফুটেজে দেখা যায়। এই ঘটনায় কড়া ব্যবস্থার ইঙ্গিত দিয়েছিল রাজ্যের স্কুল শিক্ষা দপ্তর।

---------------------

বাংলায় যার যা খাদ্যাভ্যাস তাই তিনি গ্রহণ করবেন, এ নিয়ে বিতর্কের অবকাশ নেই বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। গতকাল একটি বেসরকারি টিভি চ্যানেলের অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন।

বাইট

এদিকে ধীরেন্দ্র শাস্ত্রির ছবি পোড়ানোর ঘটনায় আরো একজনকে গ্রেফতার করেছে পুলিশ। পশ্চিম বর্ধমান এর আসানসোল থেকে অরূপ মুখোপাধ্যায় নামে এক ব্যক্তিকে পাকড়াও করা হয়।

---------------------

মাছ-মাংস নিয়ে অহেতুক বিতর্কের পরিবর্তে কর্মসংস্থান ও বিনিয়োগের বিষয়ে ভাবনা-চিন্তা করা উচিত বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। কেষ্টপুরে গত সন্ধ্যায় গণেশ পুজো উপলক্ষে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন। শমীকবাবু বলেন, এরাজ্যে বিনিয়োগ এবং শিল্প না থাকায় মেধাবী ছাত্ররা ভিন রাজ্যে এমনকি বিদেশেও চলে যাচ্ছে।

(বাইট - শমীক)

---------------------

রাজ্যের দুটি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনের জন্য বামফ্রন্ট গতকাল প্রার্থীদের নাম ঘোষণা করেছে। রেজিনগর বিধানসভা কেন্দ্রের জন্য সিপিআইএম প্রার্থী আইনজীবি

সইদ আসাদ আলি এবং নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের জন্য সিপিআই প্রার্থী শান্তি গোপাল গিরি নাম বামফ্রন্টের তরফে ঘোষণা করা হয়। আগামী ৬ই অক্টোবর ওই দুই কেন্দ্রের বিধানসভা উপনির্বাচনের জন্য ভোট গ্রহণ করা হবে।

---------------------

পূর্ব মেদিনীপুরের জুনপুট উপকূলের একটি গ্রামে অস্ত্র ও ক্ষেপণাস্ত্র পরীক্ষাকেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ডিআরডিও-র এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদন করেছেন। মুখ্যমন্ত্রী বলেছেন এর ফলে পশ্চিমবঙ্গে উন্নয়নের ক্ষেত্রে সুবিধা হবে। ওড়িশার চাঁদিপুর এবং অন্ধ্রপ্রদেশের প্রস্তাবিত কেন্দ্রের পর জুনপুটের এই পরীক্ষাকেন্দ্রটি হবে ডিআরডিও-র তৃতীয় প্রধান কেন্দ্র। বর্তমানে দেশে একটি ক্ষেপণাস্ত্র পরীক্ষাকেন্দ্র রয়েছে, যা 'ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ' নামে পরিচিত এবং ওড়িশায় দুটি লঞ্চ কমপ্লেক্সের মাধ্যমে পরীক্ষা নিরীক্ষার কাজ চলে । চাঁদিপুর থেকে প্রায় ৭০ কিলোমিটার দূরে অবস্থিত প্রস্তাবিত জুনপুট কেন্দ্রটি ওড়িশার পরীক্ষাকেন্দ্রের কাজের চাপ ভাগ করে নেবে এবং দেশের প্রতিরক্ষা সংক্রান্ত পরীক্ষার ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করবে।

---------------------

পরীক্ষায় বসার দাবিতে ছাত্র বিক্ষোভের পর, আগামীকাল সোমবার থেকেই আবার কলেজে গিয়ে তিনি বিশেষ ক্লাস নেবেন বলে সুরেন্দ্রনাথ আইন কলেজের ভাইস প্রিন্সিপাল মহম্মদী তারান্নুম জানিয়েছেন। আকাশবাণীকে দেওয়া সাক্ষাৎকারে তিনি ফের দাবি করেন, ভাইস প্রিন্সিপাল পদ থেকে তিনি পদত্যাগ করেননি। চাপে পড়ে ইস্তফাপত্র পাঠিয়েছিলেন।

বাইট মহম্মদ তারান্নুম

এ ব্যাপারে উচ্চশিক্ষা দপ্তর যা সিদ্ধান্ত নেওয়ার নেবে বলে জানিয়েছেন ওই কলেজের পরিচালন সমিতির সভাপতি বিজেপি বিধায়ক কৌস্তভ বাগচি। তবে ভাইস প্রিন্সিপালের ভূমিকা নিয়ে একাধিক অভিযোগ করেছেন তিনি।

বাইট কৌস্তভ বাগচি

---------------------

রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের বদলির লক্ষ্যে যে বিল আনা হয়েছে, অধ্যাপক, গবেষকদের একাংশ তার বিরোধিতা করেছে। গতকাল কলকাতায় এক যৌথ সাংবাদিক বৈঠক করে একাধিক শিক্ষক সংগঠন। JUTA -র সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থ প্রতীম রায় বলেন, এই বিল গুলিকে প্রশাসনিক সংস্কার হিসেবে উপস্থাপন করা হলেও, সেগুলি বিশ্ববিদ্যালয়ের স্বশাসন, সুষ্ঠু পঠনপাঠন ও গবেষণার পরিপন্থী। এর ফলে মেধাবী পড়ুয়া, গবেষক থেকে শুরু করে শিক্ষকদের অন্য রাজ্যে বা বিদেশে পাড়ি দেওয়ার প্রবণতাও বৃদ্ধি পাবে বলে তিনি মন্তব্য করেছেন।

---------------------

বীরভূমের তারাপীঠ মন্দিরে শুরু হচ্ছে সংস্কারের কাজ । আগামীকাল রাত ১০-টার পর মা তারার বিগ্রহকে গর্ভগৃহ থেকে মন্দির চত্ত্বরের মধ্যেই শিবমন্দিরে নিয়ে যাওয়া হবে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন। সংস্কার পর্ব শেষ না হওয়া পর্যন্ত প্রায় এক মাস সেখানেই থাকবেন দেবী। তবে, পুজো বা দর্শন বন্ধ হবে না বলে জানা গেছে। মন্দিরের ভেতর ও বাইরের কাঠামোয় পরিবর্তনই শুধু নয়, ভক্তদের দর্শন আরও সহজ ও সুবিধাজনক করাই সংস্কারের উদ্দেশ্য।

---------------------

বিপ্লবী যতীন দাসের ৯৮ তম আত্মবলিদান দিবস উপলক্ষে আজ তাকে স্মরণ করা হচ্ছে। দেশকে স্বৈরাচারী ব্রিটিশ শাসনের হাত থেকে মুক্ত করতে বিপ্লবী যতীন দাস ঝাঁপিয়ে পড়েছিলেন স্বাধীনতা সংগ্রামে। লাহোর ষড়যন্ত্র মামলায় ১৯২৯ সালের ১৪ ই জুন গ্রেফতার করা হয় বিপ্লবী যতীন দাসকে। জেল বন্দিদের সঙ্গে দুর্ব্যবহার, অন্যায় আচরণের প্রতিবাদে যতীন দাস লাহোর জেলে অনশন শুরু করেন। দীর্ঘ ৬৩ দিন অনশনের পর ২৪ বছর বয়সে লাহোর জেলে ১৩ সেপ্টেম্বর মৃত্যুবরণ করেন বিপ্লবী যতীন দাস। কলকাতা পুরসভার উদ্যোগে আজ কেওড়াতলা মহাশ্মশানে আয়োজিত অনুষ্ঠানে যতীন দাস এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন পুর কমিশনার তথা প্রশাসক স্মিতা পান্ডে সহ পুরসভার আধিকারিকেরা ও বিশিষ্ট জনেরা।

--------------------

রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ কলকাতা মেট্রোর ব্লু লাইনের গীতাঞ্জলি ও কবি নজরুল মেট্রো স্টেশনের মধ্যে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। ফলে, আজ সকাল ৯টা থেকে সন্ধ্যা সাড়ে ৬-টা পর্যন্ত শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে কোনো মেট্রো পরিষেবা পাওয়া যাবে না। তবে, দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

--------------------

জরুরী মেরামতি ও রক্ষনাবেক্ষনের কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আজ আরও এক দফায় বন্ধ রয়েছে। সকাল ৬টা থেকে বেলা ১০টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোনো যান চলাচল করছে না। এই সময় সমস্ত যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

-------------------- --------------------